৩

দৈনিক বাংলা

তারিখ 05 MAR 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

05 MAR 1992

# বিনামূল্যের বই কালোবাজারে বিক্রি হচ্ছে

নিজস্ব সংবাদদাতাঃ কুমিল্লা, ৩ মার্চ।–কিন্ডার গার্টেনে কিছুসংখ্যক সরকারী বই বাধ্যতামূলক করা হলেও স্কুলগুলোর জন্য বই বরাদ্দ নেই। বিনামূল্যের সরকারী বই কালোবাজারে পাওয়া যাচ্ছে চড়া দামে। সরকার দেশের কিন্ডার গার্টেন স্কুলের পাঠক্রমে বিভিন্ন ক্লাসে বেশ কিছু বই বাধ্যতামূলক করেছেন।

কুমিল্লা জেলায়ও এ নীতি বাস্তবায়িত হচ্ছে। কিন্তু বাধ্যতামূলক হলেও সরকারীভাবে এসব বই সরবরাহ করা হয়নি। এসব বই সরকার নির্ধারিত মূল্যে প্রাথমিক শিক্ষা দফতরের মাধ্যমে কিন্ডার গার্টেন স্কুলগুলোতে পৌঁছানোর কথা। কিন্তু দুই মাস পরও স্কুলগুলো এ বই পায়নি। ফলে ছাত্রছাত্রী ও অভি-ভাবকদের হাতে বই পৌঁছানো যায়নি। উদ্বিগ্ন অভিভাবকরা অবশেষে কালোবাজার থেকে চড়া দামে

কালোবাজারে আসা এসব বই–এর কোন নির্দিষ্ট মূল্য থাকে না। কারণ, এগুলো সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বিতরণের জন্য দেয়া হয়েছিল। ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি থেকে এসব বই দোকানে পাওয়া যাচ্ছে। আগে পাওয়া যায়নি।

ধারণা করা হচ্ছে, প্রাথমিক বিদ্যা-লয়ের কোন কোন দুর্নীতিবাজ প্রধান শিক্ষক অথবা প্রাথমিক শিক্ষা দফতরের দুর্নীতিবাজ কর্মচারীর মাধ্যমে এগুলো বাজারে আসছে। বইগুলোর কোন মূল্য না থাকায় যার কাছে যে রকম দাম আদায় করা যাচ্ছে তাই নিচ্ছে দোকানদাররা।

কুমিল্লা জেলায় ৩০ থেকে ৪০ টি কিন্ডার গার্টেন স্কুল রয়েছে। এসব স্কুলের হাজার হাজার ছাত্রছাত্রীর অভিভাবক বছরের প্রথমেই বই নিয়ে বিপাকে পড়ছেন। বছরের শুরুতেই ক্লাস শুরু হলেও গুরুত্বপূর্ণ বই পাওয়া যাচ্ছে না এক দেড় মাস যাবৎ।

যদিও সরকারীভাবে কিন্ডার গার্টেন স্কুলে মূল্যসহ বই বিতরণের কথা। কিন্তু কুমিল্লায় এখন পর্যন্ত সে বই যায়নি। ব্যাপারটি রহস্যজনক।